

সমকাল

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে পড়াশোনা

মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভটেকনোলজি

১২ ঘণ্টা আগে

সাইফুল ইসলাম খান



বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও মিডিয়া শিল্প যথেষ্ট অগ্রগামী। এই অবস্থায় সৃজনশীল চিন্তাকে প্রযুক্তির সাহায্যে নান্দনিকভাবে উপস্থাপন করার কৌশল ও নীতি জানা প্রয়োজন। শিক্ষার মাধ্যমে এই শিল্পকে উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যাওয়ার প্রয়াসে এমসিটিএ বিভাগ অগ্রগামী ভূমিকা পালন করবে। শিল্প ও প্রযুক্তির সমন্বয়ে শিক্ষার এই পর্যায়ে দরকার পরিবেশ ও শিক্ষার প্রসার, যা নতুন প্রজন্মকে উন্নত শিক্ষায় শিক্ষিত হওয়ার ব্যাপারে বিশেষ সহায়তা করবে। এতে সৃজনশীল প্রতিভাসম্পন্ন প্রজন্ম খুঁজে পাবে সম্ভাবনার নতুন ক্ষেত্র, যা দেশ ও দেশের শিল্পকে বিশ্বের কাছে উপস্থাপন করবে নিজ বৈশিষ্ট্য। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এই ধরনের নতুন বিষয় অধ্যয়নের সুযোগ দেশ ও দেশের নতুন প্রজন্মকে সামনের দিকে এগিয়ে যেতে সহায়তা করবে। দেশে ও বিদেশে

মাল্টিমিডিয়া এবং ক্রিয়েটিভ টেকনোলজিতে পড়াশোনা করা দক্ষ ও যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের যথেষ্ট চাহিদা রয়েছে। নতুন কিছু সৃষ্টির মাঝে আছে আনন্দ, আছে অপার সম্ভাবনা। এই সম্ভাবনাকে কাজে লাগিয়ে আগামী প্রজন্ম নিজেকে তুলে ধরবে বিশ্ব দরবারে। এ বিষয়ে পড়াশোনার মাধ্যমে একজন শিক্ষার্থী গ্রাফিক্স, ৩উ মডেলিং, অ্যানিমেশন, ভিজুয়াল এফেক্ট, গেম ডেভেলপমেন্ট ইত্যাদি সম্পর্কে বিশ্বমানের দক্ষতা অর্জন করতে সক্ষম হবে এবং এ ক্ষেত্রটির সব শাখায় সৃজনশীল পেশাদার মাল্টিমিডিয়া প্রযুক্তিবিদ হিসেবে জ্ঞান ও গুণাবলীর বিকাশ ঘটাতে পারবে। অপার সম্ভাবনার কথা মাথায় রেখে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ইউনিভার্সিটিতে শুরু হওয়া চার বছর মেয়াদি ১৪৭ ক্রেডিটের বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিষয়ে থাকছে গ্রাফিক্স ডিজাইন, অ্যানিমেশন, ভিজুয়াল ইফেক্ট, মোশন গ্রাফিক্স, গেম ডেভেলপমেন্ট, ওয়েব ডেভেলপমেন্ট, ভিডিও প্রডাকশন ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দেওয়া হয়। এই বিভাগে ভর্তি হওয়ার জন্য একজন শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে সিজিপিএ-২.৫ অথবা দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং অবশ্যই বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী হতে হবে। ভালো জিপিএ ধারীসহ ভর্তি হওয়ার পর ডিপার্টমেন্টের প্রতি সেমিস্টারে ভালো রেজাল্ট অর্জনকারী মেধাবীদের বিভিন্ন পর্যায়ে বৃত্তি প্রদান করা হয়ে থাকে। এ ছাড়াও গরিব ও মেধাবী শিক্ষার্থীদের ক্ষেত্রেও ডিআইইউ বিশেষ ছাড় দিয়ে থাকে। ইউনিভার্সিটিতে বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিভাগে প্রতি বছর তিনটি সেমিস্টারে (স্প্রিং, সামার ও ফল) ভর্তি নেওয়া হয়। ভর্তির যাবতীয় তথ্য পেতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ৪/২ সোবাহানবাগ, ধানমণ্ডি, ঢাকা এই ঠিকানায় যোগাযোগ করতে হবে।

টেলিফোন : ৪৮১১১৬৩৯, ৪৮১১১৬৭০, ৯১২৮৭০৫। www.daffodilvarsity.edu.bd

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com